146

দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# পরীক্ষা ছাড়াই ২০ ছাত্রকে ভর্তির সুপারিশ করেছেন উপাচার্য

শরিফুজ্জামান পিন্টু

ভর্তি পরীক্ষা ছাড়া ২০ ছাত্রকে অনার্সে ভর্তির সুপারিশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য। এদের ১৯ জন মেধাবী ও একজন দ্বিতীয় বিভাগপ্রাপ্ত ছাত্রী। বিগত চার মাস ধরে এদের ভর্তির ব্যাপারে টানাপোড়েন চলছিল। বৃহস্পতিবার নির্বাহী ক্ষমতাবলে উপাচার্যের এ সুপারিশে শিক্ষকরা মিশ্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। এর আগে ৪ জুন শিক্ষক সমিতির সভায় ভর্তি পরীক্ষা ছাড়া ভর্তি না করার জন্য উপাচার্যের কাছে অনুরোধ জানানো হয়েছিল। খবর নির্ভরযোগ্য সূত্রের।

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয় *(প্রথম পাতার পর)*

সূত্র জানায়, গত ১৫ মার্চ ছিল বাণিজ্য অনুষদের (গ ইউনিট) ভর্তি পরীক্ষা। ঐদিন প্রধানমন্ত্রী মেধাবী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেন। সংবর্ধনা শেষে ৮১ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিলেও অজ্ঞাত কারণে ১৯ জন মেধাবী ছাত্র-ছাত্রী পরীক্ষা দিতে পারেনি। সূত্র আরও জানায়, সরকারের পক্ষ থেকে উক্ত ১৯ জনকে ভর্তি পরীক্ষা ছাড়া ভর্তির অনুরোধ জানানো হয়। উপাচার্য সাধারণ ভর্তি কমিটির সভায় বিষয়টি উত্থাপন করলে কয়েকজন শিক্ষক এ প্রস্তাবের বিরোধিতা করেন। অবশেষে উপাচার্য বৃহস্পতিবার বাণিজ্য অনুষদের চার চেয়ারম্যানের কাছে পাঠানো পৃথক পৃথক চিঠিতে উক্ত ১৯ জনসহ ২০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। উল্লেখ্য, মেধাবী ১৯ ছাত্র-ছাত্রী ছাড়া বাকি যে ছাত্রীর জন্য সুপারিশ করা হয়েছে তার এসএসসি ও এইচএসসি'র মোট নম্বর যথাক্রমে ৪৯৪ ও ৪৯৬। বাণিজ্য অনুষদে দ্বিতীয় বিভাগপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা সাধারণত ভর্তির সুযোগ পায় না।